ডকেট নং....৮৫৬......
পত্র জমা দানের তাং...২৫/০১/২৬
জেলা শিক্ষা অফিস, রাজশাহী।

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়, রাজশাহী
www.rajshahi.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং- ০৫.৪৩.৮১০০.০০২.০৫.০০১.২৫-৯৫৭

তারিখ: ১১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটকেন্দ্রের ব্যবস্থাপনায় সংশ্লিষ্টদের সহায়তা প্রদান

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় এর ২৯ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-৪৫০ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে রাজশাহী জেলার ৬টি নির্বাচনি এলাকাসমূহে [৫২-রাজশাহী ১ (গোদাগাড়ী-তানোর), ৫৩-রাজশাহী ২ (রাজশাহী সিটি কর্পোরেশন), ৫৪-রাজশাহী ৩ (পবা-মোহনপুর), ৫৫-রাজশাহী ৪ (বাগমারা), ৫৬-রাজশাহী ৫ (দূর্গাপুর-পুঠিয়া), ৫৭-রাজশাহী ৬ (বাঘা-চারঘাট)] আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ৭.৩০ টা থেকে বিকাল ৪.৩০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ চলবে। সূত্রোক্ত স্মারকে জারিকৃত পরিপত্র-৬ এর নির্দেশনা অনুযায়ী ভোটগ্রহণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ভোটকেন্দ্রের ব্যবস্থাপনায় ভোটগ্রহণের দিন, ভোটগ্রহণের আগের দিন ও পরের দিন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অফিস কক্ষ, কমনরুম, আসবাবপত্রসহ বিভিন্ন দ্রব্যাদি ব্যবহার ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তা প্রদানের লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানের প্রধান/সহকারী প্রধান ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োজিত না হলে প্রিজাইডিং অফিসারকে সার্বক্ষণিক সহায়তা প্রদান করতে হবে। প্রতিষ্ঠানের প্রধান বা সহকারী প্রধান ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োজিত হলে উক্ত প্রতিষ্ঠানের যে কর্মকর্তা বা শিক্ষক ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োজিত হবেন না, তিনি উক্ত দায়িত্ব পালন করবেন। যদি কোন প্রতিষ্ঠানের প্রধানসহ সকল কর্মকর্তা/কর্মচারী বা শিক্ষককে ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হয়, তাহলে অভিজ্ঞ ও দায়িত্বশীল কোন ৪র্থ শ্রেণির কর্মচারীকে ভোটগ্রহণের দিনে প্রিজাইডিং অফিসারকে সহায়তা প্রদানের লক্ষ্যে দায়িত্ব প্রদান করা যাবে অথবা অন্য কোন বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া উল্লিখিত বিষয়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের এবং উক্ত এলাকাধীন সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করতে হবে। তবে এ বিষয়ে কোনক্রমেই কোন প্রার্থী বা রাজনৈতিক দলের সংশ্লিষ্টতা বা সহায়তা গ্রহণ করা যাবে না।

০২। এছাড়া, ভোটকেন্দ্রের ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নিম্নবর্ণিত সুযোগ সুবিধা নিশ্চিত করতে হবে:

- প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ না থাকলে সংযোগের ব্যবস্থা করতে হবে।
- প্রতিষ্ঠানের প্রত্যেকটি কক্ষে বৈদ্যুতিক আলোর ব্যবস্থা করতে হবে।
- প্রয়োজনীয় সংখ্যক চেয়ার, টেবিল ও বেঞ্চের ব্যবস্থা করতে হবে।
- প্রতিষ্ঠানের প্রতিটি কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ওয়াশরুক/টয়লেট পরিষ্কার রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখতে হবে।

০৩। এমতাবস্থায়, ভোটকেন্দ্র হিসেবে নির্ধারিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানকে বিষয়টি অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৪/০১/২৬

আফিয়া আখতার
জেলা প্রশাসক, রাজশাহী
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন নং-০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)
ইমেইল: dcrajshahi@mopa.gov.bd

-- --

বিতরণ:

(১) উপজেলা নির্বাহী অফিসার,................................... (সকল), রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
(২) জেলা শিক্ষা অফিসার, রাজশাহী
(৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী
(৪) অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
(৫) থানা নির্বাচন অফিসার, রাজপাড়া/বোয়ালিয়া, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার

ভোটকেন্দ্র হিসেবে নির্ধারিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ

স্মারক নং- ০৫.৪৩.৮১০০.০০২.০৫.০০১.২৫- ১৫৭/১৪ (৮৮)

তারিখ: মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. উপ-মহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৪. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী
৬. উপ-মহাপরিচালক, আনসার ও ভিডিপি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৭. পুলিশ সুপার, রাজশাহী
৮. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, রাজশাহী
৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী
১০. উপজেলা নির্বাচন অফিসার, .............................(সকল) রাজশাহী
১১. অফিসার ইনচার্জ, .........................(সকল) থানা, রাজশাহী

জেলা প্রশাসক, রাজশাহী
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী
www.deo.rajshahi.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
**দেশের চাবি আপনার হাতে**

স্মারক নং : জেশিঅ/রাজ/ ২০৭ (১১)

তারিখ: ২৭ /০১/২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, রাজশাহী

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘা/বাগমারা/চারঘাট/দূর্গাপুর/গোদাগাড়ী/মোহনপুর/পবা/পুঠিয়া/তানোর/বোয়ালিয়া/মতিহার, রাজশাহী।

সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আপনার আওতাধীন উপজেলা/থানায় অবস্থিত ভোটকেন্দ্র হিসেবে নির্ধারিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান-কে বিষয়টি অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। অফিস নথি।

(মো: জায়েদুর রহমান)
জেলা শিক্ষা অফিসার
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫৬২৫৩
ইমেইল : deorajshahi@yahoo.com